বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রজেক্ট মনিটরিং বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
৮৩-৮৫,মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
www.krishibank.org.bd
টেলিফোন ঃ ৯৫৫১৬০৭, email:dgmpmd@krishibank.org.bd

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

নং প্রকা/পিএমডি-০৫(৫৩৩৮)/২০১৬-২০১৭/৪৩২ তারিখঃ ১৯.০৪.২০১৭ ইং

মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
ঢাক/চট্টগ্রাম/ফরিদপুর/বরিশাল

Without Prejudice to the Court

বিষয়ঃ বৃহৎ খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে ব্যাংকের নির্বাহীগণের দ্বিপাক্ষিক আলোচনার সিদ্ধান্ত প্রসংগে।

প্রিয় মহোদয়,

বিগত ০৪.০৪.২০১৭ তারিখে ব্যাংকের পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ নির্বাহী কর্মকর্তাগণের উপস্থিতিতে সকাল ১১.০০ ঘটিকায় ব্যাংকের বোর্ড রুমে বৃহৎ খেলাপী ঋণ গ্রহীতাদের নিয়ে একটি দ্বিপাক্ষিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপর্যুক্ত আলোচনা সভায় খেলাপী ঋণগুলি আদায়ে এতদসংগে সংযুক্ত তালিকা অনুযায়ী গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

১৯/০৪/১৭

(মোঃ হাফিজুর রহমান)
উপ- মহাব্যবস্থাপক

সংযুক্তি ঃ ০২ (দুই) মাত্র।

নং প্রকা/পিএমডি-০৫(৫৩৩৮)/২০১৬-২০১৭/৪৩২(১০) তারিখ ঃ ১৯.০৪.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (ঋণ আদায় মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, প্রজেক্ট মনিটরিং/ঋণ আদায়/আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ আঞ্চলিক কার্যালয় ফরিদপুর/কক্সবাজার/নারায়নগঞ্জ/পিরোজপুর/ঝালকাঠি ভোলা।
০৮। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, আগ্রাবাদ/কাওরান বাজার কর্পোরেট শাখা, চট্টগ্রাম/ঢাকা।
০৯। ব্যবস্থাপক, বিকেবি, ফরিদপুর/টেকনাফ/ঝালকাঠি/গোলাকান্দাইল/ভোলা শাখা, ফরিদপুর/কক্সবাজার/ঝালকাঠি/নারায়নগঞ্জ/ভোলা।
১০। নথি/মহানথি।

১৯/৪/১৭

(বিমল কুমার সাহা)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

প্রজেক্ট মনিটরিং বিভাগ

**Without Prejudice to the Court**

**পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ নির্বাহীগণের সাথে বাংলাদেশ কৃষি ব্যাংকের বৃহৎ খেলাপী ঋণ গ্রহীতাদের অনানুষ্ঠানিক দ্বিপাক্ষিক আলোচনা সভার সিদ্ধান্ত।**

**(স্থান ঃ- বিকেবি বোর্ড রুম; তারিখ ঃ ০৪ এপ্রিল, ২০১৭)**

| ক্রঃনং | উদ্যোক্তা/কোম্পানি/প্রতিষ্ঠানের নাম, গ্রাহক/প্রতিনিধির নাম ও শাখার নাম | সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|---|
| ০১। | মেসার্স ডি, আর টাওয়েল ফেব্রিক্স প্রাঃ লিঃ<br>প্রোঃ ১। মোঃ শহিদুল্লাহ<br>০২। মোঃ রহিম ভূইয়া,<br>গোলাকান্দাইল শাখা, নারায়নগঞ্জ। | ৩০.০৪.২০১৭ তারিখের মধ্যে ১০.০০ লক্ষ টাকা ডাউন পেমেন্ট সংশ্লিষ্ট শাখায় জমা করে উদ্যোক্তা সুদ মওকুফের আবেদন করবেন। বোর্ডে উপস্থাপনের মাধ্যমে অবলোপনকৃত ৬৮.৬০ লক্ষ টাকা ও অন্যান্য খরচ ৩ বছরে ১২ টি ত্রৈমাসিক কিস্তিতে আদায়যোগ্য হবে। ৩৩(৭) ধারায় জামানতি সম্পত্তি মালিকানা প্রাপ্ত হওয়ায় অবশিষ্ট পাওনা মওকুফ করে আপোষ মিমাংসার মাধ্যমে ঋণ হিসাবটি নিষ্পত্তি করার সুপারিশ করে শাখা সুদ মওকুফ প্রস্তাব যথানিয়মে প্রেরণ করবে। | প্রজেক্ট মনিটরিং বিভাগ, বিভাগীয় কার্যালয় ঢাকা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নারায়নগঞ্জ এবং গোলাকান্দাইল শাখা, নারায়নগঞ্জ । |
| ০২। | মেসার্স পেন্ডোরা এগ্রো ইন্ডাঃ লিঃ গোলাকান্দাইল শাখা, নারায়নগঞ্জ।<br>প্রোঃ ০১। মোঃ জহির উদ্দিন আলমগীর;<br>০২। মোঃ ওয়াহেদুল আলম;<br>০৩। দিলীপ কুমার রাজবংশী;<br>০৪। মোঃ হুমায়ুন কবির | জামানতি সম্পত্তির সম্ভাব্য ক্রেতা (তৃতীয় পক্ষ) ওমরাহ পালনের জন্য সৌদি আরব অবস্থান করায় আগামী ১৭.০৪.২০১৭ তারিখে দেশে ফেরার পর ২০.০৪.২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে দ্বিপাক্ষিক আলোচনার সিদ্ধান্তের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | প্রজেক্ট মনিটরিং বিভাগ, বিভাগীয় কার্যালয় ঢাকা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নারায়নগঞ্জ এবং গোলাকান্দাইল শাখা, নারায়নগঞ্জ। |
| ০৩। | মেসার্স আর এন্ড এস আয়োডাইজড সল্ট প্লান্ট লিঃ,<br>১। মোঃ শাহ আলম খান<br>২। মিসেস জাহানারা খান<br>৩। সাবিনা ইয়াসমিন<br>পিরোজপুর শাখা, পিরোজপুর। | ৩১.০৫.২০১৭ তারিখের মধ্যে ৩০.০০ লক্ষ টাকা ডাউন পেমেন্ট সংশ্লিষ্ট শাখায় জমা করে উদ্যোক্তা সুদ মওকুফের আবেদন করবেন। ডাউন পেমেন্ট প্রাপ্তির পর কস্ট অফ ফান্ড শিথিল করে আসল, আরোপিত সুদ (৪৬-আয়খাত) ও অন্যান্য খরচসহ মোট ১৫২.০০ লক্ষ টাকা আদায়যোগ্য বিবেচনাপূর্বক আরোপিত (৫২- স্থগিত সুদ) ও অনারোপিত সুদ মওকুফের সুপারিশ করে শাখা সুদ মওকুফ প্রস্তাব যথানিয়মে প্রেরণ করবে। সুদ মওকুফের জন্য মাঠ কার্যালয় হতে প্রাপ্ত প্রস্তাবটি বোর্ড সভায় উপস্থাপিত হবে। | ঋণ আদায় বিভাগ, বিভাগীয় কার্যালয়, বরিশাল, মুখ্য আঞ্চলিক কার্যালয়, পিরোজপুর এবং পিরোজপুর শাখা। |
| ০৪। | মেসার্স রাজ পোল্ট্রি এন্ড ফিশারিজ প্রকল্প<br>প্রোঃ খন্দকার মোহতেশাম হোসেন, ফরিদপুর শাখা, ফরিদপুর | পর্ষদ সভার ৬৬৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক মওকুফোত্তর পাওনার বকেয়া ২(দুই) কিস্তি পরিশোধের পর উদ্যোক্তা অনারোপিত সুদ মওকুফের আবেদন করবেন। কিস্তি পরিশোধান্তে উদ্যোক্তার আবেদন প্রাপ্তির পর সাথে সাথে শাখা যথানিয়মে প্রস্তাব প্রেরণ করবেন। আবেদনের ভিত্তিতে প্রস্তাবটি বোর্ডে উপস্থাপিত হবে। পরবর্তীতে আবেদনের প্রেক্ষিতে বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক অবশিষ্ট পাওনা ৩টি ত্রৈমাসিক কিস্তিতে আদায়যোগ্য হবে। | প্রজেক্ট মনিটরিং বিভাগ, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর এবং ফরিদপুর শাখা। |
| ০৫। | মেসার্স আই. কে প্যাকেজিং<br>প্রোঃ আবুল কাশেম<br>আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম। | নিলাম বিজ্ঞপ্তির মাধ্যমে ব্যাংকের মালিকানায় প্রাপ্ত জামানতি সম্পত্তি বিক্রয় করে ঋণ আদায় করতে হবে। শাখা কর্তৃক এ সিদ্ধান্ত দ্রুত কার্যকর করতে হবে। | প্রজেক্ট মনিটরিং বিভাগ বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম এবং আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম। |

পরবর্তী পাতা-০২

| ক্রঃ নং | উদ্যোক্তা/কোম্পানি/প্রতিষ্ঠানের নাম, গ্রাহক/প্রতিনিধির নাম, মোবাইল নং ও শাখার নাম | সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|---|
| ০৬। | মেসার্স ঝালকাঠি কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ ঝালকাঠি শাখা, ঝালকাঠি। প্রোঃ ০১। জনাব মোঃ আলী খান (সভাপতি)০২। জনাব মাদবর মৃধা (সেক্রেটারী) | মামলার বিস্তারিত বিবরণ, আদালতের পর্যবেক্ষণ এবং আইনজীবীর মতামতসহ মামলার সর্বশেষ অবস্থা এবং জামানতি সম্পত্তির বিস্তারিত তথ্য যথা নিয়মে প্রজেক্ট মনিটরিং বিভাগে প্রেরণ করতে হবে। পরবর্তীতে পর্ষদে উপরোক্ত তথ্য উপস্থাপন করতে হবে। পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গৃহীত হবে। | প্রজেক্ট মনিটরিং বিভাগ, বিভাগীয় কার্যালয়, বরিশাল, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঝালকাঠি এবং ঝালকাঠি শাখা। |
| ০৭। | মেসার্স ভোলা কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ ভোলা শাখা, ভোলা। প্রোঃ ০১।জনাব মোঃ নুরুল ইসলাম (সভাপতি) ০২। জনাব আবুল কাশেম (সেক্রেটারী) **(সভায় অনুপস্থিত থাকেন)** | মামলার বিস্তারিত বিবরণ, আদালতের পর্যবেক্ষণ এবং আইনজীবীর মতামতসহ মামলার সর্বশেষ অবস্থা এবং জামানতি সম্পত্তির বিস্তারিত তথ্য যথানিয়মে প্রজেক্ট মনিটরিং বিভাগে প্রেরণ করতে হবে। পরবর্তীতে পর্ষদে উপরোক্ত তথ্য উপস্থাপন করতে হবে। পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গৃহীত হবে মর্মে উদ্যোক্তাদের অনুপস্থিতিতে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রজেক্ট মনিটরিং বিভাগ, বিভাগীয় কার্যালয়, বরিশাল, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা এবং ভোলা শাখা। |
| ০৮। | মেসার্স মুন টেক্সটাইল মিলস্ লিঃ সিদ্দিরগঞ্জ শাখা, নারায়নগঞ্জ। প্রোঃ মোঃ নজরুল ইসলাম (মৃত) | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রণীত নন- টেক্সটাইল খাতের রুগ্ন শিল্পের তালিকাভুক্ত হওয়ায় রুগ্ন শিল্পের দায় দেনা নিষ্পত্তির বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্তের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | প্রজেক্ট মনিটরিং বিভাগ বিভাগীয় কার্যালয় ঢাকা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নারায়নগঞ্জ এবং সিদ্দিরগঞ্জ শাখা, নারায়নগঞ্জ । |
| ০৯। | ০১। মেঘনা এজেন্সীজ লিঃ, ০২। মেঘনা শ্রীম্প কালচার লিঃ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা; ০৩। মেঘনা সী ফুডস লিঃ, ০৪। মেঘনা সী ফুডস লিঃ (রপ্তানী ঋণ), আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম ০৫। বীচ হ্যাচারী লিঃ, টেকনাফ শাখা, কক্সবাজার। প্রোঃ মোঃ শরীফুল ইসলাম | দ্বিপাক্ষিক আলোচনা সভায় বর্ণিত ঋণ হিসাবগুলোর ঋণ আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় ইতিপূর্বে আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম এর মেঘনা সী ফুডস লিঃ, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা এর মেঘনা এজেন্সীজ লিঃ ও মেঘনা শ্রীম্প কালচার লিঃ এবং টেকনাফ শাখা, কক্সবাজার এর বীচ হ্যাচারী লিঃ এর পূর্বের সুদ মওকুফ সুবিধা বহাল রেখে ব্লক হিসাবে রক্ষিত আদায়যোগ্য টাকার উপর কস্ট অব ফান্ড হারে (১০.৭৯%) বিলম্বিত সুদসহ পাওনা টাকা সিদ্ধান্ত জারীর ০৯ (নয়) মাসের মধ্যে পরিশোধ করতে হবে। আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম এর মেঘনা সী ফুডস লিঃ এর রপ্তানী ঋণের উপর কস্ট অব ফান্ড হারে (১০.৭৯%) সুদ ধার্য্য করে সুদাসলে পাওনা টাকা সিদ্ধান্ত জারীর ০৯(নয়) মাসের মধ্যে পরিশোধ করতে হবে এবং অবশিষ্ট সুদ মওকুফের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>উপরোক্ত সুবিধা গ্রহণের নিমিত্তে উদ্যোক্তা ডাউন পেমেন্ট হিসাবে ২.০০ থেকে ৩.০০ কোটি টাকা মে/২০১৭ মাসের ১ম সপ্তাহের মধ্যে পরিশোধের অঙ্গীকার করেছেন। | স্থানীয় মুখ্য কার্যালয়, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার এবং টেকনাফ শাখা, কক্সবাজার। |
| ১০। | মেসার্স জুনায়েদ পোল্ট্রি ফার্ম, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা প্রোঃ মোঃ আবুল হাসেম | ডাউন পেমেন্ট বাবদ ৫.৫০ লক্ষ টাকা ০৫.০৬.২০১৭ এর মধ্যে জমা করে উদ্যোক্তা সুদ মওকুফের আবেদন করবেন। | স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা |
| ১১। | প্রাইম কনসোর্টিয়াম, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা প্রোঃ মোঃ পারভেজ চৌধুরী | ডাউন পেমেন্ট বাবদ ৪.৫০ লক্ষ টাকা এপ্রিল/২০১৭ এর মধ্যে জমা করে পূনঃতফশিলের জন্য উদ্যোক্তা আবেদন করবেন। | স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা |
| ১২। | মেসার্স আর এন ট্রেড ইন্টারন্যাশনাল (মেডিক্যাল যন্ত্রপাতি), স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা। প্রোঃ নাসরিন আক্তার | ডাউন পেমেন্ট বাবদ ৫.০০ লক্ষ টাকা জুন/২০১৭ এর মধ্যে জমা দেবেন এবং পরবর্তীতে অবশিষ্ট ৫.০০ লক্ষ টাকা জমা করে ০৩ (তিন) বছর মেয়াদে পূনঃতফশিলের জন্য উদ্যোক্তা আবেদন করবেন । | স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা |

পরবর্তী পাতা-০৩

| ক্রঃ নং | উদ্যোক্তা/কোম্পানি/প্রতিষ্ঠানের নাম, গ্রাহক/প্রতিনিধির নাম, মোবাইল নং ও শাখার নাম | সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|---|
| ১৩। | আর এন সুয়েটার্স লিঃ, কাওরান বাজার কর্পোরেট শাখা, ঢাকা<br>প্রোঃ রাশেদুন্নবী চৌধুরী | ১. আর এন সুয়েটার্স লিঃ এর ব্যাংকের নিকট বন্ধককৃত সম্পত্তির মধ্যে ঢাকা জেলার সাভার সাব রেজিস্ট্রি অফিস, মৌজা-দিয়ামাটিয়া এর ২৩.৮৩ শতাংশ জমি যার মূল্য ৩৩৩.৬২ লক্ষ টাকা ও এমসিএল ২৫০.২১ লক্ষ টাকা ব্যাংকের পাওনা পরিশোধের নিমিত্তে বিক্রি করতঃ বিক্রয়লব্ধ অর্থ ব্যাংকে জমা এবং উক্ত বন্ধকী জমির পরিবর্তে নতুনভাবে সমমূল্য বা তার অধিক মূল্যের জমি/সম্পত্তি ব্যাংকে বন্ধক রাখার বিষয়ে গ্রাহকের প্রস্তাবে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সম্মতি প্রদান করা হয়।<br>২. গ্রাহক প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে নতুনভাবে বন্ধকতব্য সম্পত্তি মূল্যায়নের পর মূল্য নির্ধারণ করতঃ দিয়ামাটিয়াস্থ ২৩.৮৩ শতাংশ জমি ছাড়করণের কর্তৃপক্ষীয় অনুমোদনের জন্য শাখা কর্তৃক প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. বিক্রয়ের নিমিত্তে প্রস্তাবিত সম্পত্তি বিক্রয়কালে ক্রেতা, বিক্রেতা ও ব্যাংক এর মধ্যে একটি ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদনের ব্যবস্থা গ্রহণ ও চুক্তির আওতায় বিক্রয় লব্ধ অর্থ ক্রেতা কর্তৃক সরাসরি ব্যাংকে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. আর এন সুয়েটার্স লিঃ এর নিকট ব্যাংকের পাওনার তুলনায় জামানতি সম্পত্তির মূল্য কম হওয়ায় ঋণ পুণঃতফশিলকরণের পূর্বে দায় আবৃত করার জন্য গ্রহণযোগ্য জামানতি সম্পত্তি বন্ধক দেয়ার জন্য উদ্যোক্তাকে অনুরোধ করা হয়। | আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিভাগীয় কার্যালয়, ঢাকা এবং কাওরান বাজার কর্পোরেট শাখা, ঢাকা। |
| ১৪। | ন্যাশনাল লাইট কাষ্টিং<br>কাওরান বাজার কর্পোরেট শাখা, ঢাকা।<br>প্রোঃ মেজবাহুল কবির। | ১.ন্যাশনার লাইট কাষ্টিং এর সুদ মওকুফের আবেদনের প্রেক্ষিতে ব্যাংকের বিদ্যমান সার্কুলার মোতাবেক ১০% হারে ডাউন পেমেন্ট বাবদ ৫০.০০ লক্ষ টাকা গ্রহণের পর সুদ মওকুফের প্রস্তাবনাটি বিধি মোতাবেক প্রধান কার্যালয়ের অনুমোদনের জন্য প্রেরনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ন্যাশনাল লাইট কাষ্টিং এর সুদ মওকুফের আবেদন কর্তৃপক্ষীয় বিবেচনার পর ব্যাংকের বিধি অনুযায়ী গ্রাহক বকেয়া পাওনা পরিশোধে সম্মতি প্রদান করেন। | ক্রেডিট-১ বিভাগ, বিভাগীয় কার্যালয়, ঢাকা এবং কাওরান বাজার কর্পোরেট শাখা, ঢাকা। |
| ১৫। | ফেয়ার ইয়ার্ন প্রসেসিং লিঃ<br>কাওরান বাজার কর্পোরেট শাখা, ঢাকা।<br>প্রোঃ মোঃ জসিম আহমেদ। | ফেয়ার ইয়ার্ন প্রসেসিং লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ০৪/০৪/২০১৭ তারিখে বিদেশে অবস্থান করবেন বিধায় সভায় উপস্থিত হতে পারবেন না বলে জানিয়ে পত্র প্রেরণ করেন। উক্ত পত্রে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এ সভায় তাকে আমন্ত্রণ জানানোর জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ইতোপূর্বে ০৮/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত দ্বি-পাক্ষিক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রস্তুতি নিচ্ছেন বলেও আশস্ত করেন। এছাড়াও পরবর্তীতে দ্বি-পাক্ষিক সভা আয়োজন করলে উক্ত সভায় তিনি উপস্থিত থাকবেন বলে মতামত ব্যক্ত করেন। | ক্রেডিট-১/আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিভাগীয় কার্যালয়, ঢাকা এবং কাওরান বাজার কর্পোরেট শাখা ঢাকা। |

১২/৪/১৭
(মোঃ শামীম আল্-মামুন)
উর্ধ্বতন কর্মকর্তা

১২/৪/১৭
(বিমল কুমার সাহা)
সহকারী মহাব্যবস্থাপক